

মুজিববর্ষের অঙ্গীকার,
শোভন কর্মপরিবেশ হোক
সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০২.২০.৪৫

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭

৩০ মে ২০২০

বিষয়: স্বাস্থ্যসুরক্ষা নিশ্চিতকরণপূর্বক অফিস খোলা রাখা প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ৪০.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১০৯ তারিখঃ ২৮মে ২০২০ খ্রিস্টাব্দ।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৮ তারিখঃ ২৮মে ২০২০ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩১ মে, ২০২০ খ্রিস্টাব্দ থেকে সকল সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত অফিসসমূহ নিজ ব্যবস্থাপনায় কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণপূর্বক সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ স্বাস্থ্য সেবা বিভাগ থেকে জারিকৃত ১৩ দফা কঠোরভাবে অনুসরণপূর্বক সীমিত পরিসরে খোলা রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকাসহ নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে অফিসের কার্যক্রম পরিচালনা করতে হবেঃ

- ১। অফিস চালুর পূর্বে অবশ্যই প্রতিটি অফিস কক্ষ/আজিনা/রাস্তাঘাট জীবাণুমুক্ত করতে হবে।
- ২। প্রত্যেক অফিসের প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে।
- ৩। অফিস পরিবহনসমূহ অবশ্যই শতভাগ জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় ন্যূনতম তিন ফিট দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিকাল মাস্ক অথবা তিন স্তর বিশিষ্ট কাপড়ের মাস্ক) ব্যবহার করতে হবে।
- ৪। সার্জিকাল মাস্ক শুধু একবার ব্যবহার করা যাবে, কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে।
- ৫। যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- ৬। অফিসসমূহে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
- ৭। কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- ৮। খাবার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখতে হবে।
- ৯। প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।

১০। কর্মকর্তা/কর্মচারীদের করোনা (COVID-19) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধি মেনে চলছে কিনা তা একটি ভিজিটেশন টিমের মাধ্যমে মনিটরিং করা যেতে পারে।

১১। দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্যসুরক্ষা নির্দেশনা বুলিয়ে রাখতে হবে।

১২। কোন কর্মকর্তা/কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন/কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করতে হবে।

১৩। এছাড়াও প্রয়োজনীয় সংখ্যক জীবাণুমুক্তকরণ টানেল স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

১৪। অফিস সেবা গ্রহণের জন্য যারা আগমন করবেন তাদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করতে হবে।

১৫। তাদের মাস্ক এবং হ্যান্ড গ্লাভস অবশ্যই ব্যবহার করতে হবে।

১৬। হ্যান্ড স্যানিটাইজার দিয়ে তাদের হাত পরিষ্কার করতে হবে।

১৭। তাদের অবশ্যই শারীরিক দূরত্ব মেনে চলতে হবে।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ও জরুরী।



৩০-৫-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮৩৯১৭৩১

ফ্যাক্স: ০২-৮৩৯১৪২৫

ইমেইল: chiefdife@gmail.com

বিতরণ :

১) যুগ্ম মহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০২.২০.৪৫/১(৭০)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭
৩০ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) মহাপরিচালক- ৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।


৩) জেলা প্রশাসক (সকল)।

৪) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

৫) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৭) সহকারী মহাপরিদর্শক (সেফটি)/ শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো।



৩০-৫-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)